

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল লোকভবনে অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা চেম্বার অফ কমার্স, দি ইন্দো-বাংলা চেম্বার অফ কমার্স, দি ত্রিপুরা ট্রেডার্স অ্যাসোসিয়েশন, দি অল ত্রিপুরা কমিস্ট এন্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা ডিস্ট্রিবিউটরস অ্যাসোসিয়েশন এবং দি এলপিজি ট্রেডার্স অ্যাসোসিয়েশন-এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে রাজ্যপাল স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের প্রচার ও বিক্রির বিষয়ে উদ্যোগ নিতে পরামর্শ দেন। সন্ধ্যায় রাজ্যপাল লোক ভবনে প্রবীণ নাগরিক এবং পেনশনারদের প্রতিনিধি দলের সঙ্গে মিলিত হন এবং তাদের সমস্যা সম্পর্কে অবহিত হন।

CM Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যে সহজলভ্য কাচামাল কাজে লাগিয়ে শিল্প কারখানা গড়ে তুলতে হবে। এক্ষেত্রে গতানুগতিকতার বাইরে গিয়ে নতুনভাবে চিন্তা ভাবনা করতে হবে। গতকাল সচিবালয়ে ত্রিপুরা ক্ষুদ্র শিল্প নিগমের পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী রাজ্যের উৎপাদিত আনারস উৎসবের আয়োজন করার পাশাপাশি রাজ্যে একটি দেশলাই এবং মশলা তৈরীর কারখানা গড়ে তোলার বিষয়ে উদ্যোগ নিতে টিএসআইসি'র আধিকারিকদের পরামর্শ দেন।

এদিকে, এসসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশনের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বলেন তপশীলি জাতি সম্প্রদায়ের উন্নয়ন নিশ্চিত করতে এসসি কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশনের বিরাট ভূমিকা রয়েছে।

সরকার স্বচ্ছতার মাধ্যমে এগুলি পরিচালনার উদ্দেশ্য নিয়ে কাজ করে চলছে। বৈঠকে তিনি কর্পোরেশনের সার্বিক কর্মসূচি এবং বর্তমান অবস্থার বিষয়ে অবগত হন।

PM- Putin :

ভারত ও রাশিয়া গতকাল প্রতিরক্ষা, বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, সংস্কৃতি এবং গণমাধ্যম সম্পর্কিত ১৬টি চুক্তি বিনিময় করেছে। নতুনদিল্লিতে ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির পুতিনের সঙ্গে এক যৌথ সাংবাদিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন ভারত ও রাশিয়ার সম্পর্ক এখন ঐতিহাসিক মাইলফলকে পৌঁছেছে। শ্রী মোদী ঘোষণা করেন ভারত শীঘ্রই রাশিয়ান নাগরিকদের জন্য বিনামূল্যে ৩০ দিনের ই-ট্যুরিস্ট ভিসা এবং ৩০ দিনের গ্রুপ ট্যুরিস্ট ভিসা চালু করবে। পরে মোদী এবং পুতিন ভারত-রাশিয়া ব্যবসায়িক ফোরামের যৌথ সভাপতিত্বও করেছেন। ফোরামে প্রধানমন্ত্রী বলেন যে সংস্কার, কর্মক্ষমতা এবং রূপান্তরের নীতি অবিচলভাবে অনুসরণ করে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার পথে।

Rammohan Naidu- Indigo :

বেসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু বলেছেন, ইন্ডিগো ফ্লাইট বাতিলের পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক পরিস্থিতিতে উন্নীত হচ্ছে। নয়াদিল্লিতে গণমাধ্যমের সাথে কথা বলার সময় তিনি বলেন মন্ত্রক, শিশু-মা, প্রবীণ নাগরিক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের পরিষেবা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার জন্য সমস্ত বিমানবন্দর এবং বিমান অপারেটরদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

IndiGo CEO Apologises :

ইন্ডিগোর সিইও পিটার এলবার্স বিপুল সংখ্যক ফ্লাইট বাতিলের কারণে দেশজুড়ে যাত্রীদের অসুবিধার জন্য ক্ষমা চেয়েছেন। গতকাল এক ভিডিও বার্তায় তিনি বলেন, বিমান সংস্থাটি এই মাসের ১০ থেকে ১৫ তারিখের মধ্যে পরিষেবা স্বাভাবিক কার্যক্রম শুরু করার প্রতিশ্রুতি দিয়েছে।

Jyotiraditya Scindia :

কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল মন্ত্রকের আওতায় ৬৪৫ কোটি টাকারও বেশি মূল্যের ১১টি প্রকল্পের ভারুয়ালি উদ্বোধন করেছেন। তিনি বলেন, কেন্দ্র, উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে অংশীদারিত্বে, এই অঞ্চলের জন্য অষ্টলক্ষমী দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি উচ্চাভিলাষী পরিকল্পনা গ্রহণ করেছে। মন্ত্রী বলেন, উত্তর-পূর্বাঞ্চলের জন্য একটি যৌথ উন্নয়ন রোডম্যাপ তৈরির জন্য নির্দিষ্ট নির্দেশনামা সহ আটটি উচ্চ-স্তরের টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। তিনি নিশ্চিত করেছেন যে সরকার এই টাস্ক ফোর্স থেকে উদ্ভূত সমস্ত সুপারিশ বাস্তবায়ন করবে।

36th Industry and Commerce Fare :

রাজ্যে ৩৬তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা আগামী ২৯ জানুয়ারি থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে। ১৫ দিনব্যাপী এই মেলা প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত চলবে। গতকাল সচিবালয়ে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমার পৌরহিত্যে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। এই মেলাকে সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে পরিচালন কমিটি, কার্যকরী কমিটি সহ বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।

Congress Press Meet :

কেন্দ্র সরকারের অর্থনৈতিক নীতি, রাষ্ট্রায়ত্ত্ব ক্ষেত্রের বেসরকারিকরণ, শ্রম কোড ও বিদ্যুৎ বিল ২০২৫ এর প্রতিবাদে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে আগামী ৮ ডিসেম্বর রাজ্য জুড়ে মিছিলের আয়োজন করা হয়েছে। প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানান।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
